

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | চাকুরী | 24 April, 2025

বিসিএসের প্রিলিমিনারি টেস্ট, লিখিত ও মৌখিক পরীক্ষার সিলেবাস যুগোপযোগী করার কাজ শুরু করেছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)। ৪৯তম বিসিএস থেকে নতুন এ সিলেবাস কার্যকর করা হতে পারে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) বিকেলে রাজধানীর আগারগাঁওয়ে পিএসসি কার্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পিএসসির সদস্য মো. সুজায়েত উল্যা বলেন, বিসিএসের যুগোপযোগী সিলেবাস প্রণয়নের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। ৪৯তম বিসিএস থেকে এ সিলেবাস কার্যকর করা হবে।

নতুন প্রণীত সিলেবাস কেমন হবে- এমন প্রশ্নে তিনি বলেন, ‘আমরা যে সিলেবাস প্রণয়ন করছি, সেটা শুধু বিসিএসকেন্দ্রিক নয়। এ সিলেবাস অনুসরণ করলে বিশ্বের যেকোনো দেশের প্রতিযোগিতামূলক পরীক্ষায় সেই প্রার্থী ভালো করতে পারবেন বলে আশা করি।

সংবাদ সম্মেলনে বিসিএসের জট নিরসনে পরিকল্পনা, মৌখিক পরীক্ষা দ্রুত নেওয়ার পদক্ষেপ, প্রশ্নপত্র ফাঁস প্রসঙ্গ এবং চাকরিপ্রার্থীদের চলমান আন্দোলনের দাবি-দাওয়া পূরণ নিয়ে পিএসসির অবস্থান তুলে ধরা হয়।

এসময় পিএসসির চেয়ারম্যান অধ্যাপক ড. মোবাহ্বের মোনেমসহ সাংবিধানিক এ প্রতিষ্ঠানটির সদস্য এবং কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 04:51

URL: <https://timestodaybd.com/jobs/6562261407>